

2021/TDC/CBCS/ODD/
BNGGE-501T/373

TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022

BENGALI

(5th Semester)

Course No. : BNGGE-501T

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)]

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো কুড়িটা) : $1 \times 20 = 20$

- ১। 'চর্যাপদ'-এর প্রথম পদটি কার রচিত ?
- ২। কোথা থেকে 'চর্যাগীতি'র পুঁথি আবিষ্কৃত হয় ?
- ৩। হরপ্রসাদ শাস্ত্রীর উপাধি কী ?
- ৪। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য কোথা থেকে আবিষ্কৃত হয়েছিল ?

- ৫। 'রাধাবিরহ' অংশটিকে কে প্রক্ষিপ্ত বলেছেন ?
- ৬। বিদ্যাপতি কোন্ মিথিলারাজের সুহৃদ ছিলেন ?
- ৭। চৈতন্য-পরবর্তী যুগের একজন বৈষ্ণব কবির নাম লেখো।
- ৮। কবি জ্ঞানদাস কোন্ কবির ভাবশিষ্য ছিলেন ?
- ৯। 'পূর্বরাগ'-এর শ্রেষ্ঠ কবি কে ?
- ১০। 'দ্বিতীয় বিদ্যাপতি' কাকে বলা হয় ?
- ১১। প্রাচীনতম 'মঙ্গলকাব্য' ধারা কোনটি ?
- ১২। নারায়ণ দেব কোন্ শতকের কবি ছিলেন ?
- ১৩। 'ধর্মমঙ্গল' কাব্যের আদিকবি কে ?
- ১৪। মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কী নামে পরিচিত ?
- ১৫। 'মনসাবিজয়' কে রচনা করেছেন ?
- ১৬। "কৃত্তিবাস এ বঙ্গের অলঙ্কার।" উক্তিটি কার ?

- ১৭। কৃত্তিবাসের পিতার নাম কী ?
- ১৮। 'মহাভারত'-এর প্রথম অনুবাদক কে ?
- ১৯। কাশীরাম দাসের পৈতৃক উপাধি কী ছিল ?
- ২০। কাশীরাম দাসের 'মহাভারত' প্রথম কোথা থেকে মুদ্রিত হয়েছিল ?
- ২১। 'শাক্তপদাবলী'র প্রধান রস কী ?
- ২২। 'সাধকরঞ্জন' কার রচনা ?
- ২৩। কমলাকান্ত ভট্টাচার্য কোন্ পর্যায়ের পদ রচনায় শ্রেষ্ঠ ?
- ২৪। 'পদুমাবৎ' অবলম্বনে 'পদ্মাবতী' কে রচনা করেছিলেন ?
- ২৫। আরাকান রাজসভার প্রথম বাঙালি কবি কে ?

SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটা) : $2 \times 5 = 10$

- ২৬। 'চর্যাপদ' কোথা থেকে, কী নামে পুস্তকাকারে প্রকাশিত হয়েছিল ?
- ২৭। কত সালে, কোথা থেকে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি প্রকাশিত হয়েছিল ?

- ২৮। 'বৈষ্ণব পদাবলী' ছাড়া বিদ্যাপতি রচিত অন্য দুটি গ্রন্থের নাম লেখো।
- ২৯। 'ব্রজবুলি' কাকে বলে?
- ৩০। 'চণ্ডীমঙ্গল' কাব্যের দুজন উল্লেখযোগ্য কবির নাম লেখো।
- ৩১। 'ধর্মমঙ্গল' কাব্যের কাহিনি কয়টি এবং কী কী?
- ৩২। কৃত্তিবাস ওঝার জন্মতিথি ও জন্মবার কী ছিল?
- ৩৩। সপ্তদশ শতকের দুজন 'মহাভারত' অনুবাদকের নাম লেখো।
- ৩৪। উমা সঙ্গীত কাকে বলে?
- ৩৫। দৌলত কাজীর রোমান্টিক আখ্যানকাব্যটির নাম কী? তিনি কোন্ রাজ্যসভায় সাদরে গৃহীত হয়েছিলেন?

SECTION—C

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) :

৮×৫=৪০

- ৩৬। বাংলা সাহিত্যের ইতিহাসে 'চর্যাপদ'-এর গুরুত্ব আলোচনা করো।
- ৩৭। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কাব্য-বৈশিষ্ট্য আলোচনা করো।
- ৩৮। বিদ্যাপতির পদাবলীর একটি রসগ্রাহী আলোচনা করে তাঁর কবিকৃতির বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও।

- ৩৯। চৈতন্য মহাপ্রভুর জীবনকে অবলম্বন করে বাংলা ভাষায় রচিত যে কোনো একটি জীবনীকাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৪০। ‘মনসামঙ্গল’-এর কবি দ্বিজ বংশীদাস ও কেতকাদাস ক্ষেমানন্দের কবিকৃতি নিয়ে সংক্ষেপে আলোচনা করো।
- ৪১। মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’-এর ‘আখটিক’ খণ্ড অবলম্বনে সে কালের বাঙালি সমাজজীবনের পরিচয় দাও।
- ৪২। কৃত্তিবাসী ‘রামায়ণ’-এর রচনা-বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।
- ৪৩। বাংলা ভাষায় সংস্কৃত ‘মহাভারত’-এর শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর কবিকৃতিত্বের পরিচয় দাও।
- ৪৪। ‘আগমনী’ ও ‘বিজয়া’ শীর্ষক পদগুলিতে মাতৃহৃদয়ের যে আকুলতা প্রকাশ পেয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।
- ৪৫। সপ্তদশ শতকের মুসলমান মহাকবি আলাওলের সাহিত্য কীর্তির পরিচয় দাও।
